দুদককে টিকিয়ে রাখতে এখন জরুরি সংস্কার প্রয়োজন: দুদক চেয়ারম্যান



সংগৃহীত ছবি

দুর্নীতি দমন কমিশনকে (দুদক) দীর্ঘদিনের ক্ষয়-ক্ষতি থেকে বের করে এনে পুনরায় কার্যকর প্রতিষ্ঠানে রূপ দিতে দ্রুত পদক্ষেপ নেওয়া প্রয়োজন বলে মন্তব্য করেছেন চেয়ারম্যান ড. মোহাম্মদ আব্দুল মোমেন।

সোমবার (২৪ নভেম্বর) হবিগঞ্জ জেলা শিল্পকলা একাডেমিতে সমন্বিত জেলা কার্যালয়ের আয়োজিত গণশুনানি শেষে তিনি বলেন, নির্বাচনের আগে সম্পদ বিবরণী দেওয়ার বাধ্যবাধকতা থাকলেও অনেক রাজনৈতিক নেতা পূর্ণ হিসাব জমা না দিয়ে তথ্য আড়াল করেন। এমন প্রবণতা বন্ধে কঠোর তদারকি ও জনসচেতনতা বাড়াতে হবে বলে তিনি মত দেন।

একই সঙ্গে উপদেষ্টা পরিষদের সদস্যদেরও সম্পদের বিবরণী জমা দেওয়ার অনুরোধ করেন তিনি।

বিদেশে পাচার হওয়া অর্থ ফেরত আনার বিষয়ে তিনি জানান, একাধিক সংস্থা একযোগে কাজ করলেও প্রক্রিয়াটি অত্যন্ত জটিল হওয়ায় কাঙ্ক্ষিত অগ্রগতি দেখা যাচ্ছে না।

LENS ASIA